

# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫২৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৭৯৯]

৫০/ আম্বিয়া কিরাম (আঃ) (كتاب أحاديث الأنبياء)

পরিচ্ছেদঃ ২১২১. নবী করীম (ﷺ) এর উক্তিঃ তাদের (আনসারদের) নেকারদের পক্ষ হতে (উত্তম কার্য) কবুল কর, এবং তাদের ত্রুটি-বিচ্যুতিকারীদের ক্ষমা করে দাও

باب قَوْلُ النَّبِيِّ صلى الله عليه وسلم " اقْبَلُوا مِنْ مُحْسِنِهِمْ وَتَجَاوَزُوا عَنْ مُسِيئِهِمْ "

### আরবী

حَدَّتَنِي مُحَمَّدُ بْنُ يَحْيَى أَبُو عَلِيّ، حَدَّتَنَا شَاذَانُ، أَخُو عَبْدَانَ حَدَّتَنَا أَبِي، أَخْبَرَنَا شُعْبَةُ بْنُ الْحَجَّاجِ، عَنْ هِشَامِ بْنِ زَيْدٍ، قَالَ سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِك، يَقُولُ مَرَّ أَبُو بَكْرٍ وَالْعَبَّاسُ للْمَحْنَ أَنَسَ بْنَ مَالِك، يَقُولُ مَرَّ أَبُو بَكْرٍ وَالْعَبَّاسُ رضى الله عنهما لله عنهما لله عليه وسلم مناً. فَدَخَلَ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم ذكَرْنَا مَجْلِسَ النَّبِيِّ صلى الله عليه وسلم مناً. فَدَخَلَ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَدْ عَصَبَ عَلَى رَأْسِهِ حَاشِيَةَ فَأَخْبَرَهُ بِذَلِكَ لَيْكُونَ عَلَيْهِ، ثُمَّ قَالَ " فَخَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَقَدْ عَصَبَ عَلَى رَأْسِهِ حَاشِيَةَ بُرْدٍ لَكَ الْيَوْمِ، فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ " بُرْدٍ لَكَ الْيَوْمِ، فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ " بُرْدٍ وَالله عَليه وسلم وَقَدْ قَضَوْا الَّذِي عَلَيْهِ، وَبَقِيَ الَّذِي لَهُمْ، وَبَقِيَ الَّذِي لَهُمْ، فَاقْبُلُوا مِنْ مُحْسِنِهِمْ، وَبَقِيَ الَّذِي لَهُمْ، فَا فَا الله عَلْهُ مَا الله عَلْهِ مَ وَتَجَاوَزُوا عَنْ مُسِيئِهِمْ ".

#### বাংলা

৩৫২৭। মুহাম্মদ ইবনু ইয়াহ্ইয়া আবৃ আলী (রহঃ) ... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন অন্তিম রোগে আক্রান্ত তখন আবৃ বকর ও আব্বাস (রাঃ) আনসারদের কোন একটি মজলিসের পাশ দিয়ে যাওয়ার কালে দেখতে পেলেন যে, তাঁরা (সকলেই বসে বসে) কাঁদছেন। তাঁদের একজন জিজ্ঞাসা করলেন, আপনারা কাঁদছেন কেন? তাঁরা বললেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে আমাদের মজলিস স্মরণ করে কাঁদছি। তাঁরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে আনসারদের অবস্থা বললেন, রাবী বললেন, (তা শুনে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চাদরের কিনারা দিয়ে মাথা বেঁধে (ঘর থেকে) বেরিয়ে আসলেন এবং মিম্বরে উঠে বসলেন। এ দিনের পর আর তিনি মিম্বরে আরোহণ করনে নি। তারপর হামদ ও সানা পাঠ করে সমবেত সাহাবীদেরকে লক্ষ্য করে বললেন, আমি আনসারগণের প্রতি বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য তোমাদিগকে নির্দেশ দিচ্ছি; কেননা তাঁরাই আমার অতি আপনজন, তাঁরাই আমার বিশ্বস্ত লোক। তারা তাঁদের উপর আরোপিত দায়িত্ব ও কর্তব্য পরিপূর্ণভাবে পালন করেছে। তাঁদের যা



প্রাপ্য তা তাঁরা এখনো পায়নি। তাঁদের নেক লোকদের উত্তম কার্যকলাপ সাদরে গ্রহণ করবে এবং তাঁদের ত্রুটি-বিচ্যুতি ক্ষমা করবে।

## **English**

#### Narrated Anas bin Malik:

Abu Bakr and Al-`Abbas passed by one of the gatherings of the Ansar who were weeping then. He (i.e. Abu Bakr or Al-`Abbas) asked, "Why are you weeping?" They replied, "We are weeping because we remember the gathering of the Prophet (\*\*) with us." So Abu Bakr went to the Prophet (\*\*) and told him of that. The Prophet (\*\*) came out, tying his head with a piece of the hem of a sheet. He ascended the pulpit which he never ascended after that day. He glorified and praised Allah and then said, "I request you to take care of the Ansar as they are my near companions to whom I confided my private secrets. They have fulfilled their obligations and rights which were enjoined on them but there remains what is for them. So, accept the good of the good-doers amongst them and excuse the wrongdoers amongst them."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন